বাংলাদেশ-নিউজিল্যান্ড ম্যাচে গ্যালারিতে জাইমা রহমান



জাইমা রহমান। ছবি: সংগৃহীত

মিরপুরের শেরে বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে বাংলাদেশ ও নিউজিল্যান্ডের মধ্যকার ওয়ানডে সিরিজের প্রথম ম্যাচ ঘিরে দর্শকদের ভিড়ের মধ্যেই উপস্থিত হয়েছেন জাইমা রহমান। তিনি প্রধানমন্ত্রী তারেক রহমানের কন্যা।

শুক্রবার সকাল ১১টায় ম্যাচ শুরু হওয়ার প্রায় এক ঘণ্টা পর স্টেডিয়ামে প্রবেশ করেন তিনি। এর আগেও গত মাসে পাকিস্তানের বিপক্ষে সিরিজের প্রথম ওয়ানডে ম্যাচে গ্যালারিতে তাকে দেখা গিয়েছিল।

সেবার প্রেসিডেন্ট বক্সে বসে খেলা উপভোগ করলেও এবার তিনি ইন্টারন্যাশনাল স্ট্যান্ডের কর্পোরেট বক্সে, যা প্রেস বক্সের বিপরীত পাশে অবস্থিত, সেখান থেকে ম্যাচটি উপভোগ করছেন।

LENS ASIA